গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গক ৪০১৫১৮৩

বিসমিল্লাহির রাহমানির রাহিম

**পাইলের কাজ করার জন্য চুক্তিপত্র:**

প্রজেক্টের নাম- কল্পতরু,

বরুয়া, খিলক্ষেত, ঢাকা।

মোঃ এনামুল হক গং, পিতাঃ মরহুম এয়াকুব আলী, মাতাঃ সাজেদা বেগম, জাতীয় পরিচয়পত্র নংঃ ৭৭৫ ৪০৪ ৫৫২৯, জাতীয়তাঃ বাংলাদেশী, পেশাঃ ব্যবসা, ধর্মঃ ইসলাম, ঠিকানাঃ বাসা-২৭৪/4, ইব্রাহিমপুর, ডাকঘরঃ ঢাকা ক্যান্টনমেন্ট, উপজেলাঃ কাফরুল, জেলাঃ ঢাকা, মোবাইলঃ ০১৭৯৯-৬১৬১৩১।

............................... প্রথম পক্ষ / ভূমির মালিক।

ইঞ্জিনিয়ার হরেন চন্দ্র দাস, পিতা- তপন কুমার দাস, মাতা- চারুবালা দাস, জাতীয়তা- বাংলাদেশী, ধর্ম- সনাতন, পেশা- ব্যবসা, জাতীয় পরিচয়পত্র নং- ২৬৫০৮৯৮৫৭১৬৯৬,(মালিক- ভিত্তি ডিজাইন এন্ড কনষ্ট্রাকশন),ট্রেড লাইসেন্স নং- ০৪৮৩১১, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- হরিনগর, পোষ্ট-রানিহাটী, থানা শিবগঞ্জ, জেলা- চাপাইনবাবগঞ্জ। টি আই এন নং- ৬৩৩৯৩৫৩১৭১১২,বর্তমান ঠিকানাঃ বাসা নং- ১২৭৪(৮ম তলা) রোড নং-১০, এভিঃ ০২, মিরপুর ডিওএইচএস, ঢাকা-১২১৬।

............................... দ্বিতীয় পক্ষ / নির্মাতা প্রতিষ্ঠান।

প্রকাশ থাকে যে, নিম্নে ‘ক’ তফসিলে বর্ণিত ঠিকানায় প্রথম পক্ষ তাঁদের মালিকানাধীন ১০(দশ) কাঠা(প্রায়) ভূমিতে পাইলের কাজ করার জন্য ঠিকাদার নিয়োগের অভিপ্রায় ব্যক্ত করে; সে মোতাবেক সর্বশেষে ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের সব কিছু যাচাই বাছাই অন্তে ১ম পক্ষের অভিপ্রায় অনুযায়ী ২য় পক্ষ তাহাদের বরাবর কাজের একটি প্রস্তাবপত্র দেন। এর ধারাবাহিকতায় চুক্তির লক্ষ্যে পক্ষদ্বয় প্রথম পক্ষের মালিকানাধীন নিম্নে ‘ক’ তফসিলে বর্ণিত ঠিকানায় ভূমিতে পাইলের কাজ করার জন্য সম্পাদ্য সকল কাজের বিপরীতে ঐকমত্যে পৌছান এবং এ ব্যাপারে চুক্তি সম্পাদনের প্রস্তাব দেন। প্রস্তাব থাকা অবস্থায় প্রথম পক্ষ শর্তসাপেক্ষে উহাতে সম্মতি প্রদান করেন। সর্বশেষে কাজের চুক্তির লক্ষ্যে পক্ষদ্বয়ের মধ্যে আলাপ-আলোচনার ভিত্তিতে স্বেচ্ছাপ্রদত্ত সম্মতিতে নিম্নলিখিত শর্তাধীনে অদ্য ০৪/১২/২০২৪ ইং তারিখে পাইলের কাজ করার জন্য চুক্তি সম্পাদিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গক ৪০১৫১৮৪

## শর্তাবলীঃ

১. সম্পূর্ণ প্রকল্পটি প্রথম পক্ষের(ভূমির মালিক) মালিকানাধীন তফসিলভূক্ত ভূমি সম্পত্তিতে দ্বিতীয় পক্ষ অর্থাৎ নির্মাতা প্রতিষ্ঠান- ভিত্তি ডিজাইন এন্ড কনস্ট্রাকশন, বাসা নং- ১২৭৪(৮ম তলা) রোড নং-১০, এভিঃ ০২, মিরপুর ডিওএইচএস, ঢাকা-১২১৬।; তাহাদের কারিগরী জ্ঞান দ্বারা নির্ধারিত দরে পাইলের কাজ করিবেন। এখানে অর্থ বিনিয়োগ করিবেন জমির মালিকগণ অর্থাৎ প্রথম পক্ষ।

২. প্রথমপক্ষ (ভূমির মালিক) অত্র চুক্তি সম্পাদনের দিনেই নিম্ন "ক" তফসিল বর্ণিত ভূমিতে পাইলিং কাজের জন্য দ্বিতীয় পক্ষের(নির্মাতা প্রতিষ্ঠান) সঙ্গে একটি চুক্তিনামা সম্পাদন করিবেন। যাহাদ্বারা দ্বিতীয় পক্ষ "ক" তফসিলে বর্ণিত ভূমিতে পাইলের কাজ সম্পাদনের স্বার্থে তাহার(২য় পক্ষের) অধিকার ও দ্বায়-দ্বায়িত্বসহ অন্যান্য সকল সংশ্লিষ্ট কার্যাদি সম্পাদন করিবেন এবং তাহা পক্ষসমূহ মানিয়া চলিবেন।

৩. তফসিলভূক্ত সম্পত্তিতে পাইলিং কাজ শুরুর দিন থেকে নির্মাতা প্রতিষ্ঠান তার নির্মাণ প্রকল্পে নিজ খরচে বিদ্যুৎ, পানি ও গ্যাস ব্যবহার করিবেন। তার সংযোজনের ব্যবস্থা করিবেন ২য় পক্ষ। উল্লেখ্য যে, পূর্বের কোন বকেয়া থাকিলে তাহা প্রথমপক্ষ(ভূমির মালিক) পরিশোধ করিবেন।

৪. কোন পক্ষের কোন সদস্যের মৃত্যু অথবা অবর্তমানে প্রস্তাবিত প্রকল্পের পাইলিং কাজ বন্ধ করা যাবে না। মৃত পক্ষের আইনানুগ ও বৈধ উত্তরাধিকারীগণ/ স্থলাভিষিক্তগণ অবশিষ্ট কাজ সমাপ্ত করিতে পারিবেন। এই চুক্তিপত্রের সকল শর্তাবলী ভবিষ্যতে উভয় পক্ষের আইনানুগ ও বৈধ উত্তরাধিকারীগণের/ স্থলাভিষিক্তগণের উপর বর্তাইবে অথবা এরুপ পরিস্থিতির উদ্ভব হলে পক্ষদ্বয় আলোচনার মাধ্যমে উহার সমাধান করিবেন।

৫. নির্মাণাধীন এলাকায় জমি সংক্রান্ত ব্যয় সংগঠিত/দেখা দিলে তা ১ম পক্ষ বহন করবে এছারাও অন্য কোন প্রশাসনিক সমস্যা দেখা দিলে ১ম পক্ষ ২য় পক্ষকে সমাধানকল্পে পরামর্শ সহায়তা প্রদান করবে। তবে পাইল নির্মাণ কাজে কারিগরী সমস্যার সৃষ্টি হলে সে ক্ষেত্রে ২য় পক্ষ এককভাবে সমস্যা সমাধান করবে এবং এতদ্ যাবতীয় খরচের ব্যয় ২য় পক্ষ বহন করবে।

৬. পাইলিং সংক্রান্ত বিষয়ে কোন ত্রুটি পরিলক্ষিত হলে ১ম-পক্ষ তা ২য় পক্ষকে যথারীতি অবহিত করবে এবং উভয় পক্ষের আলোচনা সাপেক্ষে সৃষ্ট ত্রুটি মিমাংসার যাবতীয় খরচের ব্যয়ভার ২য় পক্ষ কর্তৃক বহন করবে।

৭. চুক্তি অনুযায়ী(সিডিউল মোতাবেক) ২য় পক্ষ কর্তৃক নির্মাণ সামগ্রী ব্যবহার না করলে সেক্ষেত্রে ১ম পক্ষ চুক্তি অনুযায়ী টাকা পরিশোধ না করলে উভয় পক্ষ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে। তবে এ ক্ষেত্রে ১ম পক্ষ কাজ সাময়িক বন্ধ রাখতে পারবে(যদি কাজের গুনগত মান খারাপ হয়)।

৮. শ্রমিক দূর্ঘটনাজনীত যাবতীয় সকল সমস্যা ২য় পক্ষ সমাধান করবে। ১ম পক্ষ কোন প্রকার দূর্ঘটনা/শৃঙ্খলা জনিত কাজের জন্য দায়ী থাকবে না।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

গক ৪০১৫১৮৫

৯. পাইলিং কাজের সময় ২য় পক্ষ কর্তৃক সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করতে হবে। নিরাপত্তা জনিত কোন দায়ভার ১ম পক্ষ বহন করবে না।

১০. পাইলিং চলাকালীন সময়ে স্থানীয় কোন ঝামেলা ও রাজউকের কোন সমস্যা হলে ২য় পক্ষ যথারীতি সমস্যা সমাধান করিবেন।

১১. চুক্তি অনুযায়ী লেবারদের জন্য শেড ও টয়লেট তৈরী, সাবমার্চেবল প্রতিস্থাপন ও পাইলের হাউজ তৈরীর কাজ ২য় পক্ষ করিবেন।

১২. চুক্তিপত্রে বর্ণিত নিয়ম-কানুন উভয় পক্ষের জন্যই প্রযোজ্য, কোন ভাবে শিথিলযোগ্য নয়।

১৩. পাইলিং চলাকালীন কোন কারণে কাজ বন্ধ হয়ে গেলে চুক্তি অনুযায়ী পাইলিং কাজের সমস্ত টাকা(যে পর্যন্ত পাইলিং কাজ হয়েছে চুক্তিতে উল্লেখিত রেট অনুযায়ী ঐ পরিমান কাজের টাকা ২য় পক্ষ রেখে অবশিষ্ট উদ্বৃত্ত টাকা যদি থাকে তা) ১ম পক্ষকে ফেরত দিতে বাধ্য থাকিবে।

১৪. পাইলিং চলাকালীন সময়ে রাজউক কর্তৃক যে কোন সমস্যা ২য় পক্ষ সমাধান করিবে।

## "ক" তফসিল : সম্পত্তির পরিচয়-

জেলা- ঢাকা, থানা- খিলক্ষেত, ঢাকা সিটি কর্পোরেশন, ৪৮ নং ওয়ার্ড, সাব- রেজিষ্ট্রী অফিস বাড্ডা, ভুমি অফিসঃ সহকারী কমিশনার(ভুমি), ঢাকা ক্যান্ট:। মৌজা- বরুয়া জে এল নং, সি এস ১২২ নং, এস এ- ৩২ নং, আর এস- ১৮ নং, বর্তমান ঢাকা সিটি জরিপে- ০২ নং।

খতিয়ান নংঃ সি এস ১৬৯ নং, এস এ ২৫৯ নং, আর এস- ১২২ নং এবং ঢাকা জরিপে- ১২১৫ নং মিউটেশন সাবেক × নং হালে × নং ও ৮১০ খতিয়ানে লিখিত, খারিজা ৪০/৩২ ৩১৮৫/৩১ নং, জোত ভূক্ত।

দাগ নংঃ সি এস ও এস এ ১০৫৫ নং, আর এস- ২০০৮ নং এবং সিটি জরিপে- ৭৮০২ নং।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

যাহার চৌহদ্দিঃ

উত্তরে ঃ কবির দেওয়ান গং,
দক্ষিণে ঃ আব্বাস দেওয়ানের বিক্রীত জমি
পূর্বে ঃ আর.এস- ২০০৭নং দাগের জমি
পশ্চিমে ঃ রাস্তা।

তফসিল: "খ"

পাইলিং কাজে ব্যবহৃত মালামাল ও ব্রান্ড বিবরণ:

| ক্রমিক নং | মালামালের বিবরণ | ব্র্যান্ডের নাম |
|---|---|---|
| ১. | ৩/৪" ভালো মানের পাথর (পাইলিং কাজের জন্য) | কালো পাথর-পাকুর /ভোলাগঞ্জ এলসি. |
| ২. | সিমেন্ট- পাইলিং কাজের জন্য | ক্রাউন(ওপিসি). |
| ৩. | রড- ৫০০W (পাইলিং কাজের জন্য) | বিএসআরএম. |
| ৪. | বালি- ২.৫ এফএম | দূর্গাপুর/সিলেট. |

তফসিল: "গ"

## Estimated Cost of the Building(Approximate):

| SL | Description | Area | Unit | Rate(tk) /Sft | Amount(Tk) |
|---|---|---|---|---|---|
| 1 | Pilling Work | 116Nos x 52Ft. = 6032 | Rft | | 82,00,000/- |
| | | | | **Total=** | 82,00,000/- |

**In Word(Tk.): Eighty Two Lac Only.**

পাইলিং কাজের সাথে নিম্নোক্ত কাজগুলি যুক্ত থাকবে-

- সাব-মার্চেবল পাম্প,
- ইলেকট্রিক লাইন,
- সাইড ডেভেলপমেন্ট;

**পেমেন্ট সিডিউলঃ**

১. চুক্তিপত্র স্বাক্ষরের দিন ১ম পক্ষ ২য় পক্ষকে ৫,০০,০০০/-(পাঁচ লাখ) টাকা প্রদান করিবে।

২. প্রজেক্টে পাইল মেশিন ঢোকার পরে ১ম পক্ষ ২য় পক্ষকে ১০,০০,০০০/-(দশ লাখ) টাকা প্রদান করিবে।

৩. ৩০(ত্রিশ)টি পাইল সম্পন্ন হওয়ার পর ১ম পক্ষ ২য় পক্ষকে ১০,০০,০০০/-(দশ লাখ) টাকা প্রদান করিবে।

৪. ৫০(পঞ্চাশ)টি পাইল সম্পন্ন হওয়ার পর ১ম পক্ষ ২য় পক্ষকে ১৫,০০,০০০/-(পনেরো লাখ) টাকা প্রদান করিবে।

৫. ৮০(আশি)টি পাইল সম্পন্ন হওয়ার পর ১ম পক্ষ ২য় পক্ষকে ১৫,০০,০০০/-(পনেরো লাখ) টাকা প্রদান করিবে।

৬. ১০০(একশ)টি পাইল সম্পন্ন হওয়ার পর ১ম পক্ষ ২য় পক্ষকে ১৫,০০,০০০/-(পনেরো লাখ) টাকা প্রদান করিবে।

৭. সম্পূর্ণ পাইলের কাজ শেষ হওয়ার পর অবশিষ্ট ১২,০০,০০০(বারো লাখ)টাকা ১ম পক্ষ ২য় পক্ষকে প্রদান করিবে।

## অঙ্গীকারনামা:

আমরা উভয় পক্ষ উপরোক্ত বিবরণ স্বজ্ঞানে পাঠ করিয়া এবং এর মর্ম বুঝিয়া অন্যের বিনা প্ররোচণায় অত্র হলফনামায় নিজ নিজ নাম সহি স্বাক্ষর করিলাম।

মোঃ এনামুল হক

প্রথম পক্ষের স্বাক্ষর:

০৫/১২/২০২৪

দ্বিতীয় পক্ষের স্বাক্ষর:

স্বাক্ষীগণের স্বাক্ষর ও মোবাইল নং:

১। কাজী মোস্তাফিজ আহমেদ
০১৯১১৬৪ ১২৯৩

২। মোঃ আব্দুল্লাহীল কাফী
০১৭৫২২৯৬৭৫৩

৩। অসীম কুমার মন্ডল
০১৭২২০৭৪৫৭৪

৪। মোঃ তানভীর রাব্বী
০১৭১৭ ০৮৮২৯২